



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৪.০২.০০৬.২০.৩৬

তারিখঃ ২১-০৬-২০২০

বিষয়ঃ উদ্ভাবনী ধারণা আহ্বান প্রসঙ্গে।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে এবং ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণের উদ্দেশ্যে অত্র কোম্পানীর সকলস্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হচ্ছে। প্রাপ্ত উদ্ভাবনী ধারণা প্রাথমিকভাবে গৃহীত হওয়ার পর মূল্যায়নের ভিত্তিতে চূড়ান্তভাবে বিবেচিত হলে উদ্ভাবককে বিশেষ সম্মাননা, পুরস্কার ও বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হবে।

উদ্ভাবনী ধারণা প্রবর্তনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়াদি বিবেচনা করতে হবেঃ

- ১) উদ্ভাবনী ধারণা জালালাবাদ গ্যাসের অভ্যন্তরীণ সেবা, গ্যাস ব্যবহারের দক্ষতা বৃদ্ধি, ডিজিটাল গ্রাহক নথি ব্যবস্থাপনা, গ্রাহক সেবার মান উন্নয়নের সাথে সম্পর্কিত হতে হবে।
- ২) উদ্ভাবনী ধারণা প্রবর্তনের ক্ষেত্রে Time, Cost, Visit, Quality, বাস্তবায়ন উপযোগীতা ইত্যাদি বিষয় বিবেচনায় রাখতে হবে।
- ৩) উদ্ভাবনী ধারণা সম্পূর্ণ নতুন অথবা বিদ্যমান ব্যবস্থার পদ্ধতিগত পরিবর্তন সম্পর্কিত হতে পারে।
- ৪) উদ্ভাবনী ধারণা অবশ্যই অত্র কোম্পানীতে বাস্তবায়নযোগ্য হতে হবে এবং বাস্তবায়নযোগ্য করার ক্ষেত্রে নতুনত্ব, কার্যকারিতা, তাৎপর্য ও সমজাতীয় অন্য ক্ষেত্রে বাস্তবায়নযোগ্যতা ইত্যাদি বিষয় বিবেচনায় রাখতে হবে।
- ৫) উদ্ভাবনী ধারণায় আধুনিক প্রযুক্তির প্রয়োগ থাকা বাধ্যতামূলক নয়।
- ৬) উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত হলে উপকারভোগীর সংখ্যা যেন অধিক হয় তা খেয়াল রাখতে হবে।

উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ফলে নিম্নলিখিত বিষয়াদি নিশ্চিত করা যেতে পারেঃ

- ১) নাগরিকদের বিড়ম্বনা ও ব্যয়হ্রাস।
- ২) তুলনামূলকভাবে কম সময়ে সেবা প্রদান।
- ৩) পদ্ধতিগত জটিলতা কমানো।
- ৪) সেবার মানোন্নয়ন ঘটানো।
- ৫) কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ততা বাড়ানো।
- ৬) কোন সমস্যার গতানুগতিক সমাধানের পরিবর্তে নতুন সমাধান বের করার মাধ্যমে জনগণের জন্য তা অধিক ফলপ্রসূ করা।

উদ্ভাবনী ধারণা দাখিলের ছকঃ

- ১) উদ্ভাবনী ধারণার নাম।
- ২) উদ্ভাবনী ধারণার বিবরণ (মূল সমস্যা, সমস্যার কারণ, সমস্যার ফলে সৃষ্ট অসুবিধা, সমস্যার সমাধান ইত্যাদি)।
- ৩) সেবা প্রদান প্রক্রিয়ায় প্রস্তাবিত উদ্ভাবনী ধারণার কার্যকারিতা ও প্রভাব।
- ৪) প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নের ফলে সেবা গ্রহীতা শ্রেণীরচাহিদা কিভাবে পূরণ হবে তার বিশদ বিবরণ।
- ৫) সম্ভাব্য ব্যয় ও বাস্তবায়নের সময়কাল (ঐচ্ছিক)।
- ৬) সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়া ও প্রাসঙ্গিক অন্য কোন বিষয় (ঐচ্ছিক)।
- ৭) দাখিলকারীর নাম, পদবী, দপ্তর, ই-মেইল ও মোবাইল নম্বর।

পুরস্কার ও সম্মাননাঃ

- ১) প্রাপ্ত উদ্ভাবনী ধারণা যাচাই বাছাই করে মূল্যায়নের ভিত্তিতে সর্বমোট ০৫ (পাঁচ) জন উদ্ভাবককে স্বীকৃতি ও বিশেষ প্রণোদনা প্রদান করা হবে।
- ২) সর্বশ্রেষ্ঠ উদ্ভাবনী ধারণা প্রদানকারীকে “বেস্ট ইনোভেটিভ আইডিয়া” সনদ প্রদান করা হবে। এছাড়াও আর্থিক প্রণোদনা, ফ্রেস্ট প্রদান এবংদেশে ও বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা হবে।
- ৩) মূল্যায়নের ভিত্তিতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম উদ্ভাবনী ধারণা প্রদানকারীকে আর্থিক প্রণোদনা, ফ্রেস্ট, সম্মাননা স্মারক প্রদান এবং দেশে ও বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা হবে।

প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলি প্রাথমিকভাবে বিবেচিত হলে তা নিরপেক্ষভাবে ইনোভেশন টীম কর্তৃক মূল্যায়ন করা হবে। ইনোভেশন টীম এর কোন সদস্য কর্তৃক উদ্ভাবনী ধারণা পাওয়া গেলে তা প্রাথমিকভাবে গৃহীত হওয়ার পর আলাদাভাবে গঠিত কমিটি (ইনোভেশন টীমের সদস্য বহির্ভূত) কর্তৃক মূল্যায়ন করা হবে। আইডিয়া ব্লক এবং ওয়েবসাইট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহও মূল্যায়ন করা হবে।

উদ্ভাবনী ধারণা আগামী ২৮ জুন, ২০২০ তারিখের মধ্যে ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) বরাবর সরাসরি দাখিল করা যাবে। একজন কর্মকর্তা/কর্মচারী একাধিক উদ্ভাবনী ধারণা দাখিল করতে পারবেন। উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও চর্চার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে উৎসাহিত করা হচ্ছে।



২২ জুন ২০২০

(প্রকৌ. জসিম উদ্দিন আহমদ)

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

ও

মহাব্যবস্থাপক (পরিকল্পনা)

বিতরণঃ

- ১। সকল ডিভিশন প্রধান.....জালালাবাদ গ্যাস, সিলেট।
- ২। সকল ডিপার্টমেন্ট/প্রকল্প প্রধান.....জালালাবাদ গ্যাস, সিলেট।
- ৩। সকল শাখা/লিয়াজোঁ অফিস/আবিকা প্রধান.....জালালাবাদ গ্যাস।
- ৪। ইনোভেশন টীমের সদস্য/সদস্য-সচিব.....জালালাবাদ গ্যাস, সিলেট।

অনুলিপিঃ

- ১। সহকারী ব্যবস্থাপক (সমন্বয়) এর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস, সিলেট।
- ২। দপ্তর নথি।